আমাদের অভিবাসী কমিউনিটির সঙ্গে আস্থা জোরদার করতে আর্লিংটনের অঙ্গীকার

I. উদ্দেশ্য

আর্লিংটন কাউন্টি স্বীকার করে যে কাউন্টির নৃতাত্ত্বিক, জাতিগত, ও ভাষাগত বৈচিত্র্য আমাদের শক্তির একটি গুরুত্বপূর্ণ উৎস। আমাদের ভিশন হলো এমন একটি উষ্ণ ও অন্তর্ভুক্তিমূলক কমিউনিটি হয়ে উঠা যেখানে প্রত্যেক ব্যক্তি গুরুত্বপূর্ণ বিবেচিত হবেন, এবং প্রত্যেকে সমৃদ্ধি অর্জন করতে পারবেন। অভিবাসীদের অভিবাসনগত বা নাগরিকত্বের অবস্থা নির্বিশেষে সব অভিবাসীর অধিকার সুরক্ষিত রাখতে, এবং আর্লিংটনের প্রত্যেকে যাতে আমাদের অর্থনীতিতে অংশগ্রহণ করার সমান সুযোগ লাভ করতে পারেন সে বিষয়টি নিশ্চিত করতে এই কাউন্টি দৃঢ় প্রতিজ্ঞ। কাউন্টির বর্তমান নীতিমালা পুনরায় দৃঢ়ভাবে ব্যক্ত করা এবং কমিউনিটির স্বাস্থ্য, সুরক্ষা, কল্যাণ, ও নিরাপত্তা উন্নত করা এবং অভিবাসীদের শেয়ার করা তথ্য ফেডারেল অভিবাসন কর্মকর্তাদের কাছে প্রকাশ করে দেওয়া হবে এই ভয় ছাড়াই অভিবাসী বাসিন্দারা যাতে কাউন্টির সুযোগ-সুবিধা ও পরিষেবাগুলো অ্যাক্সেস করার নিশ্চয়তা পান সে বিষয়টি নিশ্চিত করার মাধ্যমে আস্থা গড়ে তোলা গুরুত্বপূর্ণ বলে আমরা বিশ্বাস করি। ফেডারেল অভিবাসন আইন প্রয়োগের কাজে সম্পৃক্ত হওয়ার জন্য, যেটি এককভাবে ফেডারেল সরকারের দায়িত্ব, আর্লিংটন কাউন্টির সম্পদ ব্যবহার করা সঙ্গতিপূর্ণ নয়। এই কাউন্টি ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট (ICE) এবং অন্যান্য ফেডারেল অভিবাসন কর্মকর্তাদের সঙ্গে সহযোগিতা বাধ্যতামূলক করে দেওয়া সব ফেডারেল বা স্টেট পর্যায়ের বিধিমালার পাশাপাশি কাউন্টির সহযোগিতা বা পদক্ষেপ গ্রহণ বাধ্যতামূলক করে দেওয়া জুডিশিয়াল ওয়্যারেন্ট ও সপিনা মান্য করবে, কিন্তু আর্লিংটন কাউন্টি পুলিশ বিভাগের নির্দেশনামূলক ম্যানুয়াল নীতিমালা 523.04 (সেকশন II.B-এ বর্ণিত) অনুযায়ী নির্ধারিত ব্যতিক্রম ব্যতীত অন্যান্য ক্ষেত্রে অভিবাসন আইন প্রয়োগের প্রচেষ্টাকে এগিয়ে নিতে পারে এমন ব্যক্তিগত শনাক্তযোগ্য তথ্য শেয়ার করার ক্ষেত্রে নিষেধাজ্ঞা আরোপ করবে।

II. গোপনীয়তা রক্ষার এবং জনসাধারণের আস্থা বৃদ্ধির মানদণ্ডসমূহ

A. তথ্য পাওয়ার জন্য অনুরোধ করা, তথ্য অ্যাক্সেস করা অথবা তথ্য প্রকাশ করা নিষিদ্ধ

1. নাগরিকত্ব বা অভিবাসনগত অবস্থা। কাউন্টি রেকর্ড থেকে কোনো ব্যক্তির নাগরিকত্ব বা অভিবাসনগত অবস্থা সংক্রান্ত তথ্য পাওয়ার জন্য কোনো কর্মী অনুরোধ করতে পারবেন না, তথ্য রেকর্ড করতে, অ্যাক্সেস করতে পারবেন না অথবা অন্য কোনো ব্যক্তি বা সত্তার কাছে তা প্রকাশ করতে পারবেন না, যদি না উক্ত পদক্ষেপ গ্রহণ

(a) প্রযোজ্য স্টেট বা ফেডারেল আইন বা বিধিমালা, জুডিশিয়াল ওয়্যারেন্ট, কোর্ড অর্ডার বা সপিনা অনুযায়ী আবশ্যক হয় অথবা 8 U.S.C. § 1373(a) এর সাথে সঙ্গতিপূর্ণ হয় যেখানে বলা হয়েছে যে “ফেডারেল, স্টেট, বা স্থানীয় আইনের অন্য কোনো ধারার সঙ্গে সাংঘর্ষিক না হলে, ফেডারেল, স্টেট, বা স্থানীয় সরকারের কোনো সত্ত্বা বা কর্মকর্তা, কোনো সরকারি সত্ত্বা বা কর্মকর্তাকে কোনো ব্যক্তির বৈধ বা অবৈধ নাগরিকত্ব বা অভিবাসনগত অবস্থা সম্পর্কিত তথ্য ইমিগ্রেশন এন্ড ন্যাচারালাইজেশন সার্ভিসের কাছে পাঠানো, অথবা তাদের কাছ থেকে গ্রহণ করার ব্যাপারে নিষেধ করতে, অথবা কোনো উপায়ে সীমাবদ্ধ করতে পারবে না”

অথবা (b) উক্ত ব্যক্তির দ্বারা অথবা সে ব্যক্তির কোনো অভিভাবকের দ্বারা অনুমোদিত হয়।

2. এই আস্থা সংক্রান্ত নীতিমালার কোনো বিষয় ফেডারেল আইনের সঙ্গে সাংঘর্ষিক হবে না।

B. আইন প্রয়োগ

আর্লিংটন কাউন্টি এই বিষয়ে দৃঢ় প্রতিজ্ঞ মনোভাব পোষণ করে যে ফেডারেল অভিবাসন আইন প্রয়োগের দায়িত্ব এককভাবে ফেডারেল সরকারের উপর বর্তায় এবং একইভাবে আর্লিংটন কাউন্টি পুলিশ বিভাগের নির্দেশনামূলক ম্যানুয়াল নীতিমালা 523.04 অনুযায়ী নির্ধারিত ব্যতিক্রম ব্যতীত অন্যান্য ক্ষেত্রে এধরনের আইন প্রয়োগের জন্য আর্লিংটন কাউন্টির সংস্থানগুলো ব্যবহার করা এবং নাগরিক প্রশাসনিক অভিবাসন আইন প্রয়োগের ক্ষেত্রে সহযোগিতা করা অসঙ্গতিপূর্ণ।

- কোনো ব্যক্তির পুলিশ রিপোর্ট দাখিল করা, পুলিশ-কমিউনিটি ক্রিয়াকলাপে অংশগ্রহণ করার অথবা অন্য কোনোভাবে পুলিশের সেবা থেকে উপকৃত হওয়াটা নাগরিকত্ব বা অভিবাসনগত অবস্থার উপর নির্ভরশীল নয়, এবং উপরোক্ত সেকশন II.A.1 অনুযায়ী তাদের অভিবাসনগত অবস্থা সংক্রান্ত তথ্যের জন্য অনুরোধ করা, সেই তথ্য রেকর্ড করা অথবা অ্যাক্সেস করা হবে না।
- এককভাবে শুধু অভিবাসনগত অবস্থা নির্ণয়ের উদ্দেশ্যে আর্লিংটন কাউন্টি কোনো ব্যক্তিকে তদারকি করে না, আটক করে না, সাক্ষাতকার নেয় না, অথবা তদন্ত করে না।
- আর্লিংটন কাউন্টি ফেডারেল অভিবাসন আইন প্রয়োগ করে না; এবং
- ICE-এর পদক্ষেপ গ্রহণের ক্ষেত্রে ACPD-এর সম্পৃক্ততা সেসব পদক্ষেপের মধ্যে সীমাবদ্ধ থাকবে যেক্ষেত্রে সুনির্দিষ্ট কোনো ব্যক্তি বা ব্যক্তিদের আটক করার জন্য ফৌজদারি ওয়্যারেন্ট বিদ্যমান থাকে অথবা আর্লিংটন কাউন্টি পুলিশ বিভাগের নির্দেশনামূলক ম্যানুয়াল 523.04-এ নির্ধারিত মানদণ্ড ও কর্মপদ্ধতি পূরণ করা ও অনুসরণ করা হয়।

C. নাগরিক অভিবাসন আইন প্রয়োগের জন্য কাউন্টির সংস্থানগুলো ব্যবহার করা নিষিদ্ধ

কর্মচারীরা অভিবাসন আইন প্রয়োগকারী কর্মকর্তাদের কোনো ব্যক্তিগত শনাক্তযোগ্য তথ্যের অ্যাক্সেস প্রদান করতে কাউন্টির সংস্থানগুলো (যেমন ফ্যাসিলিটি, সরঞ্জাম, সেল ফোন, অফিস সাপ্লাই, রেডিও, ইমেইল, ডাটাবেস এবং দায়িত্বরত অবস্থায় কর্মচারীদের সময়) কাজে লাগাতে পারবেন না, যদি না কর্মচারীদের এই পদক্ষেপ আর্লিংটন কাউন্টি পুলিশ বিভাগের নির্দেশনামূলক ম্যানুয়াল 523.04 অনুযায়ী সুস্পষ্টভাবে অনুমোদিত হয়।

D. নাগরিকত্ব বা অভিবাসনগত অবস্থার ভিত্তিতে হুমকি বা প্ররোচনামূলক পদক্ষেপ গ্রহণ নিষিদ্ধ

কর্মচারীরা কোনো ব্যক্তির প্রকৃত বা আপাত নাগরিকত্ব বা অভিবাসনগত অবস্থা, অথবা সেই ব্যক্তির পরিবারের কোনো সদস্যের প্রকৃত বা আপাত নাগরিকত্ব বা অভিবাসনগত অবস্থার ভিত্তিতে উক্ত ব্যক্তিকে হুমকি প্রদান করতে, জোরপূর্বক বাধ্য করতে, অথবা ভীতসন্ত্রস্ত করতে পারবেন না। কর্মচারীরা প্রকৃত বা আপাত নাগরিকত্ব বা অভিবাসনগত অবস্থার ভিত্তিতে কাউন্টি বেনিফিট, সুযোগ-সুবিধা বা পরিষেবাগুলো প্রদান করে প্ররোচিত করতে পারবেন না, যদি না স্টেট বা ফেডারেল আইন বা বিধিমালা অথবা আদালতের আদেশ অনুযায়ী তা আবশ্যক হয়।

E. নাগরিক অভিবাসন আইন প্রয়োগ সহজীকরণ

কর্মচারীরা নাগরিক অভিবাসন আইন প্রয়োগের কার্যক্রমে অংশগ্রহণ করবেন না অথবা উক্ত কার্যক্রম সহজীকরণের জন্য কোনো পদক্ষেপ গ্রহণ করবেন না, যদি না কাউন্টি অ্যাটর্নি কর্তৃক প্রয়োগযোগ্য হিসেবে গণ্য হওয়া কোনো প্রযোজ্য স্টেট বা ফেডারেল আইন, ফৌজদারি জুডিশিয়াল ওয়্যারেন্ট, আদালতের আদেশ বা সপিনা অনুযায়ী সেটি আবশ্যক হয়।

F. ফেডারেল রেজিস্ট্রিতে অংশগ্রহণ নিষিদ্ধ

নাগরিকত্ব, অভিবাসনগত অবস্থা, জাতি, জাতীয় বা নৃতাত্ত্বিক উৎস, ভাষার দক্ষতা, লিঙ্গ, লিঙ্গ পরিচয়, যৌন অভিমুখীতা, ধর্ম, অক্ষমতা, বা বয়সের ভিত্তিতে লোকজনের নিবন্ধন আবশ্যক হয় এমন কোনো ফেডারেল প্রোগ্রামের তদন্ত বা আইন প্রয়োগে সহায়তা করার জন্য কাউন্টির কোনো সম্পদ ব্যবহার করা যাবে না। অনুদান পাওয়ার উপযুক্ততা অর্জন করতে, অনুদানের শর্তাবলী এবং/অথবা চুক্তি মেনে চলা সম্পর্কে প্রত্যয়ন করতে প্রযোজ্য স্টেট/ফেডারেল সংস্থাগুলোকে সার্টিফিকেশন প্রদানের উদ্দেশ্যে কাউন্টি তথ্য সংগ্রহ করতে ও একীভূত করতে পারে, কিন্তু এধরনের সার্টিফিকেশনে সুনির্দিষ্ট ব্যক্তিকে শনাক্ত করা হবে না অথবা ব্যক্তিগতভাবে শনাক্তযোগ্য তথ্য প্রকাশ করা হবে না।

IV. সরকারি পরিষেবাগুলোতে অ্যাক্সেস

আর্লিংটন কাউন্টি সব অধিবাসীর জন্য সরকারি পরিষেবা ও ফ্যাসিলিটিগুলোতে সমতাপূর্ণ অ্যাক্সেস প্রদান করবে।

- ফেডারেল বা স্টেট আইন অনুযায়ী আবশ্যক না হলে কাউন্টি সরকারের পরিষেবাগুলো, যেমন স্থানীয় পুলিশ, দমকল, জরুরি মেডিকেল পরিষেবা, পার্ক, চিত্তবিনোদন, লাইব্রেরি, আর্লিংটন এজিং এন্ড ডিসঅ্যাবিলিটি সার্ভিসেস, জরুরি আর্থিক সহায়তা, আর্লিংটন হেলথ, মানসিক স্বাস্থ্য, স্বাস্থ্যসেবা, খাদ্য, আশ্রয়স্থল, শিক্ষাগত অথবা মাদকদ্রব্যের অপব্যবহার সংক্রান্ত পরিষেবা, ইত্যাদি অ্যাক্সেস করতে আর্লিংটন কাউন্টি কোনো অধিবাসীর আইনি অবস্থানের প্রমাণ প্রদান করা আবশ্যক করেনি এবং করবে না। ফেডারেল অর্থায়নে পরিচালিত কিছু কর্মসূচি ও পরিষেবার জন্য উপযুক্ততার শর্ত পূরণ করতে আইনি কাগজপত্রের প্রয়োজন হয়।